গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০- ৯৪৪ তারিখ: ২৪/০৮/২০২১ খ্রি.

**বিষয়: ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণি পর্যন্ত অ্যাসাইনমেন্ট (১৩তম সপ্তাহ) বিতরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিত জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ পরিস্থিতিতে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনায় জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) কর্তৃক প্রণয়নকৃত ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণির শিক্ষার্থীদের জন্য ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির আলোকে নির্ধারিত গ্রিড অনুযায়ী **১৩তম সপ্তাহের অ্যাসাইনমেন্ট** বিতরণ করা হলো। বিতরণকৃত অ্যাসাইনমেন্ট সকল শিক্ষার্থীদের প্রদান ও গ্রহণের ক্ষেত্রে স্বাস্থ্যবিধি সংক্রান্ত বিধি-নিষেধ যথাযথভাবে অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্ত:** অ্যাসাইনমেন্ট (১৩তম সপ্তাহ)

24/08/2021

**(প্রফেসর মোহাম্মদ বেলাল হোসাইন)**
পরিচালক (মাধ্যমিক)
ফোন: ০২-৪১০৫০২৮৫

**বিতরণ:**

১। উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
২। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা
৩। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা/থানা
৪। অধ্যক্ষ/প্রধান শিক্ষক.....................................

**অনুলিপি ও সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা
৩. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সকল
৪. জেলা প্রশাসক, সকল জেলা
৫. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
[অ্যাসাইনমেন্টটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
৬. উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা
৭. পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৮. সংরক্ষণ নথি

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: বাংলা**

| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠনম্বর ও বিষয়বস্তু | অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৪ | সুখ (কবিতা) | পাঠ নম্বর : ০২<br>সুখ | মানুষের জন্য কল্যাণকর এমন দশটি কাজের তালিকা লিপিবদ্ধ কর। | তোমার পাঠ্যবইয়ের সুখ কবিতা ও তার মূলভাব, বিষয়বস্তু মনোযোগ সহকারে পড়তে হবে। | ১. সঠিক শব্দচয়ন ও নির্ভুল বানানে ১০টি কল্যাণকর কাজের নাম লিখতে পারলে– অতি উত্তম<br><br>২. সঠিক শব্দ চয়ন ও নির্ভুল বানানে ৮টি কল্যাণকর কাজের নাম লিখতে পারলে- উত্তম<br><br>৩. সঠিক শব্দচয়ন ও নির্ভুল বানানে ৬টি কল্যাণকর কাজের নাম লিখতে পারলে- ভালো<br><br>৪. সঠিক শব্দচয়ন ও নির্ভুল বানানে ৪টি কল্যাণকর কাজের নাম লিখতে পারলে– অগ্রগতি প্রয়োজন |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৭ম** **বিষয়: বাংলা**

| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠনম্বর ও বিষয়বস্তু | অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স | |
|---|---|---|---|---|---|---|
| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৪ | পদ্য | শোন একটি মুজিবরের থেকে<br>গৌরীপ্রসন্ন মজুমদার | যৌক্তিকতা নিরূপণ<br>'শোন একটি মুজিবরের থেকে' কবিতাটিতে ৭ই মার্চের ভাষণের প্রতিচ্ছবি পরিলক্ষিত হয়।'- এই মতের পক্ষে যৌক্তিকতা তুলে ধর। | শিক্ষার্থী যথাযথ যুক্তি দিয়ে ও তথ্য দিয়ে যৌক্তিকতা তুলে ধরবে | অতি উত্তম | ১. সঙ্গতিপূর্ণ ব্যাখ্যা<br>২. যৌক্তিকতা তুলে ধরা<br>৩. যতি ও বানান শুদ্ধতা<br>৪. মৌলিকতা |
| | | | | | উত্তম | ১টির ক্ষেত্রে ঘাটতি |
| | | | | | ভালো | ২-৩টির ক্ষেত্রে ঘাটতি |
| | | | | | অগ্রগতি প্রয়োজন | সকল ক্ষেত্রেই ঘাটতি |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৮ম** **বিষয়: বাংলা**

<table>
<tr><th>অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম</th><th>অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম</th><th>পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু</th><th>অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ</th><th>নির্দেশনা</th><th>মূল্যায়ন রুব্রিক্স</th></tr>
<tr><td>অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৪</td><td>কবিতা</td><td>‘পাছে লোকে কিছু বলে’<br>কামিনী রায়</td><td>কর্মপত্র:<table><tr><th>মানসিক অবস্থা</th><th>শব্দার্থ</th><th>উত্তরণের উপায়</th></tr><tr><td>দ্বিধা</td><td></td><td></td></tr><tr><td>ম্রিয়মান</td><td></td><td></td></tr><tr><td>ভয়</td><td></td><td></td></tr><tr><td>লাজ</td><td></td><td></td></tr><tr><td>উপেক্ষা</td><td></td><td></td></tr></table></td><td>‘পাছে লোকে কিছু বলে’ কবিতাটি ভালো করে পড়ে তা থেকে উত্তরণের উপায়সমূহ লেখা যেতে পারে।</td><td>ক. অতি উত্তম<br>(১. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতা,<br>২.তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি বিষয়বস্তুর সাথে সঙ্গতিপূর্ণ<br>৩. লেখায় লক্ষ্যণীয় মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>৪. সার্থক বাক্যের যথাযথ প্রয়োগ )<br>খ. উত্তম<br>(১. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতা,<br>২.তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি বিষয়বস্তুর সাথে সঙ্গতিপূর্ণ<br>৩. লেখায় সামান্য মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>৪. সার্থক বাক্য ব্যবহারে ঘাটতি)<br>গ. ভালো<br>(১. বিষয়বস্তুর সঠিকতা থাকলেও ধারাবাহিকতার অভাব,<br>২.লেখায় তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি বিষয়বস্তুর সাথে আংশিকভাবে সঙ্গতিপূর্ণ<br>৩. লেখায় সামান্য মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>৪. সার্থক বাক্য ব্যবহারে ঘাটতি)<br>ঘ. অগ্রগতি প্রয়োজন<br>(১. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতার অভাব,<br>২.লেখায় তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি বিষয়বস্তুর সাথে সঙ্গতিপূর্ণ নয়।<br>৩. লেখায় নিজস্বতা ও সৃজনশীলতার অভাব<br>৪. সার্থক বাক্য ব্যবহারে ঘাটতি)</td></tr>
</table>

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: গণিত**

| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠনম্বর ও বিষয়বস্তু | অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৩ | দ্বিতীয় অধ্যায়:<br>অনুপাত ও শতকরা | ২.১ অনুপাত<br>২.২ বিভিন্ন অনুপাত<br>২.৩ অনুপাত ও শতকরার সম্পর্ক<br>২.৪ ঐকিক নিয়ম | ৩। কমলার বর্তমান দাম $৫\frac{১}{৭}$ % বেড়ে যাওয়ায় ৫৫২ টাকায় পূর্বাপেক্ষা ৮টি কমলা কম পাওয়া যায়।<br>(ক) ৪% কে ভগ্নাংশে এবং ১৫% কে অনুপাতে প্রকাশ কর ।<br>(খ) প্রতি ডজন কমলার বর্তমান দাম কত তা নির্ণয় কর।<br>(গ) প্রতি ডজন কমলা কত দামে বিক্রয় করলে $২৫\frac{১}{২}$ % লাভ হতো তা নির্ণয় কর। | অনুপাত এবং শতকরার স্পষ্ট ধারণায় সমস্যাটি সমাধান করবে। | ক. শতকরাকে ভগ্নাংশে ও অনুপাতে রুপান্তরকরণ<br>খ. শতকরা হ্রাসবৃদ্ধিতে মূল্য নির্ধারন<br>গ. শতকরার সাহায্যে বিক্রয় মূল্য নির্ণয় |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৭ম** **বিষয়: গণিত**

| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠনম্বর ও বিষয়বস্তু | অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৩ | চতুর্থ অধ্যায়: <br> বীজগণিতীয় রাশির গুণ ও ভাগ | ১. বীজগণিতীয় রাশির গুণ <br> ১. বীজগণিতীয় রাশির গুণ ও ভাগ <br> ২. বীজগণিতীয় রাশির যোগ, বিয়োগ, গুণ ও ভাগ সংক্রান্ত সমস্যা | ১. বীজগণিতীয় রাশির গুণের ক্ষেত্রে গুণের সূচক বিধি ও বন্টন বিধি উদাহরণসহ উল্লেখ কর। <br> ২. $A = a^2 - a + 1$ ,$B = a^2 + a + 1$এবং$C = a^4 + a^2 + 1$ হলে দেখাও যে, $BC \div B^2 - A = 0$ <br> ৩. $18x^3 + 15x^2 - x - 2$ এর দ্বিতীয় ও তৃতীয় পদ বন্ধনীর আগে (-) চিহ্ন দিয়ে প্রথম বন্ধনীভুক্ত কর এবং প্রাপ্ত রাশিটিকে$(2x + 1)$ও$(3x + 2)$ এর গুণফল দ্বারা ভাগ কর। | ১. শিক্ষার্থীরা বীজগণিতীয় রাশির গুণ করার জন্য গুণের বিধিগুলো উদাহরণসহ উল্লেখ করবে। <br> ২. বামপক্ষের রাশিটিকে সরলীকরণ করে A, B ও C এর মান বসিয়ে সঠিক প্রক্রিয়ায় সরলীকরণ করে সমীকরণের সত্যতা যাচাই করবে। <br> ৩. সঠিক প্রক্রিয়ায় দ্বিতীয় ও তৃতীয় পদ বন্ধনীভুক্ত করবে এবং প্রাপ্ত রাশিটিকে প্রদত্ত রাশি দুইটির গুণফল দ্বারা ভাগ করবে। | ১. <br> * উদাহরণসহ গুণন বিধি সনাক্তকরণ <br> * বামপক্ষের রাশিটিকে সরলীকরণ <br> * সমীকরণের সত্যতা যাচাই <br> ২. <br> * বন্ধনীভুক্তকরণ <br> * ভাগ প্রক্রিয়া সম্পন্নকরণ |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৮ম** **বিষয়: গণিত**

| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠনম্বর ও বিষয়বস্তু | অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৩ | চতুর্থ অধ্যায়:<br>বীজগণিতীয় সূত্রাবলী ও প্রয়োগ | ৪.১ বীজগণিতীয় সূত্রাবলী<br>৪.২ ঘনফলের সূত্রাবলী ওঅনুসিদ্ধান্ত<br>৪.৩ ঘনফলের সাথে সম্পৃক্ত আরও দুইটি সূত্র<br>৪.৪ উৎপাদকে বিশ্লেষণ<br>৪.৫ $x^2 + px + q$ আকারের রাশির উৎপাদক।<br>৪.৬ $ax^2 + px + c$ আকারের রাশির উৎপাদক<br>৪.৭ বীজগণিতীয় রাশির গ. সা. গু ও ল. সা. গু<br>৪.৭.১ গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক (গ.সা.গু)<br>৪.৭.২ লঘিষ্ঠ সাধারণ গুণিতক | $A = x^2 - 2x + 1,$<br>$B = 2x^2 - 6x + 4\;;$<br>$C = x^2 + 4x - 5$<br>ক. $A = 0$ হলে, $x^3 + \frac{1}{x^3} =$ কত?<br>খ. $A, B$ ও $C$ কোন বৃহত্তম রাশি দ্বারা বিভাজ্য?<br>গ. কোন ক্ষুদ্রতম রাশিকে $A, B$ ও $C$ দ্বারা ভাগ করা যায়? | গণিত পাঠ্যবইয়ের ৪র্থ অধ্যায়ে আলোচিত বীজগণিতীয় ঘনফলের সূত্র, মধ্যপদ বিশ্লেষিত উৎপাদক, ল.সা.গু ও গ.সা.গু নির্ণয়ের ধারণা নিয়ে সমস্যাগুলো সমাধান করবে। | ক.<br>১. বীজগণিতীয় রাশির পুনর্বিন্যাস।<br>২. মান নির্ণয়।<br>খ. বীজ গাণিতিক রাশির গ.সা.গু নির্ণয়।<br>গ. বীজ গাণিতিক রাশির ল.সা.গু নির্ণয়। |



# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: ইংরেজী**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| **Assignment-3** | **Unit Three:**<br><br>Events and Festivals | **Lesson 1:**<br>Mother's Day<br>**Lesson 2:**<br>May Day<br>**Lesson 3:**<br>International Mother Language Day-1<br>**Lesson 4:**<br>International Mother Language Day-2<br>**Lesson 5:**<br>Independence Day<br>**Lesson 6:**<br>Pahela Boishakh | This year we are going to celebrate the Golden Jubilee of our Independence Day. If You are assigned to organize a cultural programme to celebrate the day at your school, what your plan will be to stage the program highlighting the heroic struggle and sacrifice in 1971. Narrate in brief in not more than 200 words. | **1.Topic/Title:**<br>**2.Introduction:**<br>**3.Body/Description:**<br>(para or para title may vary assignment to assignment)<br>**4.Conclusion:** | **Excellent:**<br>1. At least 10 items will be included in the programme.<br>2. Error free sentences<br>3. Appropriate vocabulary is used<br>**Very Good:**<br>1. At least 7 items will be included in the programme.<br>2. Minor error in sentences.<br>3. Satisfactory vocabulary is used<br>**Good:**<br>1. At least 5 items will be included in the programme.<br>2. Frequent error in sentences.<br>3. Good range of vocabulary is used and some misuse of vocabulary.<br>**Needs improvement:**<br>1. Items are few and maintained in the planning of the programme.<br>2. Lots of errors in sentences.<br>3. Misuse of vocabulary. |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: পদার্থ বিজ্ঞান**

| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৩ | দ্বিতীয় অধ্যায়: গতি | ২.১ স্থিতি ও গতি<br>২.২ বিভিন্ন প্রকার গতি<br>২.৩ স্কেলার ও ভেক্টর রাশি<br>২.৪ দূরত্ব ও সরণ<br>২.৫ দ্রুতি এবং বেগ<br>২.৬ ত্বরণ ও মন্দন<br>২.৭ গতির সমীকরণ<br>২.৮ পড়ন্ত বস্তুর সূত্রাবলি | কাজ-১ঃ চিত্রের সাহায্যে বেগ, সমবেগ ত্বরণ ব্যাখ্যা কর ।<br>কাজ-২ঃ নিচের চিত্রে একটি বস্তু কণার বিভিন্ন সময়ে বিভিন্ন অবস্থান দেখানো হলোঃ<br><br><br>চিত্রে উল্লেখিত OA, AB, BC ও CD অংশে ত্বরণ, মন্দন নির্ণয় পূর্বক বস্তু কণাটির অতিক্রান্ত মোট দূরত্ব নির্ণয় কর ।<br>কাজ-৩ঃ<br><br><br>লেখচিত্রটির সাহায্যে গতিবেগের পরিবর্তন বিশ্লেষণ কর । | পাঠ্যবই অনুসরণ করবে । | অতি উত্তম:<br>১ । পরিপূর্ণ মাত্রায় কাজের ধারাবাহিকতা ও গাণিতিক উপস্থাপন নির্ভূল<br>২ । সুত্রের যথাযথ ব্যবহার<br>৩ । উপস্থাপনায় নিজস্বতা<br><br>উত্তম:<br>১ । অধিকাংশ ক্ষেত্রে কাজের ধারাবাহিকতা<br>২ । গাণিতিক উপস্থাপন নির্ভূল<br>৩ । উপস্থাপনায় নিজস্বতা<br><br>ভাল:<br>১ । গ্রহণযোগ্য মাত্রায় গাণিতিক উপস্থাপন<br>২ । গ্রহণযোগ্য মাত্রায় গাণিতিক উপস্থাপন কাজের ধারাবাহিকতা<br><br>অগ্রগতি প্রয়োজন:<br>১ । আংশিক মাত্রায় কাজের ধারবাহিকতা<br>২ । আংশিক মাত্রায় গাণিতিক উপস্থাপন<br>৩ । উপস্থাপনায় কৃত্রিমতা |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** | **বিষয়: হিসাব বিজ্ঞান**

| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৩ | তৃতীয় অধ্যায়: দুতরফা দাখিলা পদ্ধতি | • দুতরফা দাখিলা পদ্ধতির ধারণা<br>• দুতরফা দাখিলা হিসাব পদ্ধতির মূলনীতি বা বৈশিষ্ট্য<br>• দুতরফা দাখিলা পদ্ধতির সুবিধাসমূহ<br>• ডেবিট ক্রেডিট নির্ণয়ের নিয়মাবলি<br>• দুতরফা দাখিলা পদ্ধতিতে রক্ষিত হিসাবের বই<br>• হিসাব চক্র<br>• হিসাবের ধারাবাহিকতা রক্ষা পদ্ধতি<br>• একতরফা দাখিলা পদ্ধতি | ক. হিসাব চক্রের বিভিন্ন ধাপসহ একটি চিত্র উপস্থাপন কর।<br><br>খ. লিমন ট্রেডার্সের ২০২১ সালের জানুয়ারি মাসের নিম্নের কয়েকটি লেনদেন থেকে ছকের মাধ্যমে সংশ্লিষ্ট হিসাবসমূহের নাম উল্লেখ করে ডেবিট ও ক্রেডিট পক্ষ চিহ্নিত কর।<br><br>জানুয়ারি ০১: দোকান ভাড়া পরিশোধ করা হলো ২০,০০০ টাকা।<br>জানুয়ারি ০৫: ধারে পণ্য ক্রয় ৫৭,০০০ টাকা।<br>জানুয়ারি ১০: ব্যাংক থেকে উত্তোলন করা হলো ২৫,০০০ টাকা।<br>জানুয়ারি ২০: ক্রয় ফেরত ৪,০০০ টাকা।<br>জানুয়ারি ২৮: পুরাতন টেবিল বিক্রয় ২,৫০০ টাকা। | ❖ পাঠ্য বইয়ের সংশ্লিষ্ট বিষয়গুলো সম্পর্কে ধারণা নেওয়া।<br>❖ প্রয়োজন হলে মোবাইল বা ভার্চুয়াল মিডিয়ার মাধ্যমে বিষয় শিক্ষকের স্মরণাপন্ন হওয়া<br>❖ ইন্টারনেট এর মাধ্যমে গুগল ও ইউটিউবের সহায়তা নেয়া।<br>❖ সম্ভব হলে একাদশ-দ্বাদশ শ্রেণির হিসাব বিজ্ঞান বইয়ের সহয়তা নেয়া যেতে পারে। | **অতি উত্তম:**<br>চিত্র নান্দনিক ভাবে উপস্থাপন করতে পারলে এবং প্রত্যেকটি লেনদেনের বিষয়বস্তু বুঝে ডেবিট ও ক্রেডিট চিহ্নিত করে ছকে উপস্থাপন করলে।<br><br>**উত্তম:**<br>চিত্র যে কোনো ভাবে উপস্থাপন করলে এবং ৪টি লেনদেনের বিষয়বস্তু বুঝে ডেবিট ও ক্রেডিট চিহ্নিত করে ছকে উপস্থাপন করলে।<br><br>**ভালো:**<br>চিত্র যে কোনো ভাবে উপস্থাপন করলে এবং ৩টি লেনদেনের বিষয়বস্তু বুঝে ডেবিট ও ক্রেডিট চিহ্নিত করে ছকে উপস্থাপন করলে।<br><br>**অগ্রগতি প্রয়োজন:**<br>চিত্র যে কোনো ভাবে উপস্থাপন করলে এবং বিষয়বস্তু না বুঝে ডেবিট ও ক্রেডিট চিহ্নিত করে ছকে উপস্থাপন করলে। |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা**

| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৩ | তৃতীয় অধ্যায়: প্রাচীন বাংলার জনপদ | • বাংলাদেশের ভৌগোলিক বৈশিষ্ট্য ও প্রভাব<br>• জনপদ | প্রাচীন বাংলার মানচিত্রে জনপদসমূহ চিহ্নিত করে সেখানকার ভৌগোলিক অবস্থার প্রেক্ষিতে জনপদ গড়ে উঠার কারণ সম্পর্কে একটি প্রতিবেদন লিখ। (১৫০-২০০ শব্দ) | ১। মানচিত্র A4 সাইজের সাদা কাগজ কিংবা ক্যালেন্ডারের উল্টো পৃষ্ঠায় (পূর্ণ পৃষ্ঠা) স্কেল হিসেব করে অংকন করতে হবে।<br>২। জনপদগুলোর ছবি বিভিন্ন পত্রিকা, বই, গুগল এবং ইউটিউবের সহায়তায় সংগ্রহ করে প্রবন্ধে সংযোজন করা যেতে পারে।<br>৩।তোমার পাঠ্যপুস্তকের দ্বিতীয় অধ্যায় থেকে এ সম্পর্কিত ধারণা নেওয়া যেতে পারে। | **অতি উত্তম:**<br>১। প্রাচীন বাংলার জনপদের মানচিত্র অংকনে দক্ষতা এবং বিষয়বস্তুর যথার্থতা ও ধারাবাহিকতা<br>২। তথ্য ও ধারণা বিষয়বস্তুর সাথে সঙ্গতিপূর্ণ<br>৩। লক্ষণীয় মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>**উত্তম:**<br>১। প্রাচীন বাংলার জনপদের মানচিত্র অংকনে অধিকাংশ ক্ষেত্রে দক্ষতা বিষয়বস্তুর যথার্থতা ও ধারাবাহিকতা<br>২। তথ্য ও ধারণা বিষয়বস্তুর সাথে অধিকাংশ ক্ষেত্রেই সঙ্গতিপূর্ণ<br>৩। আংশিক নিজস্বতা ও সৃজনশীলতা<br>**ভালো:**<br>১। প্রাচীন বাংলার জনপদের মানচিত্র অংকনে দক্ষতা থাকলে ও বিষয়বস্তুর যথার্থতা ও ধারাবাহিকতার অভাব<br>২। তথ্য ও ধারণা আংশিক সঙ্গতিপূর্ণ<br>৩। সামান্য মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১। প্রাচীন বাংলার জনপদের মানচিত্র অংকনে দক্ষতা এবং বিষয়বস্তুর যথার্থতা ও ধারাবাহিকতার অভাব<br>২। তথ্য ও ধারণার সঙ্গতির অভাব<br>৩। নিজস্বতা ও সৃজনশীলতার অভাব |